

১২৮. "করোনা লোকগীতি"

শুনগো বউ স্বাশুড়ী ...

আসগো ধুনা-বাতি লইয়া;

করোনা আসিল দেখ

নতুন কুটুম্ব হইয়া রে।।

কেউ তারে করে বাতাস

কেউ তারে করে তালাস;

কেউ তারে আদর করে

কুলে কুলে লইয়ারে।

নগরে নগরে যে ছিল করোনা

চৌদ্দ দিনের হোমকোয়ারাইন্টানে;

এখন সে সংক্রমিত হচ্ছে

গ্রামের উঠানে উঠানে রে।

কেউ তারে সিটি থেকে টেনে আনে

কেউ তারে বিক্রি করে গ্রাম্য বাজারে;

কেউ তারে আনে টাকা গুণে গুণে

কেউ তারে আনে ধুমপানে রে।

এখন কেউ মাক্স পরে না

হাত ধুয়ে পরিস্কার করে না;

সবাই খুলেছে করোনার সম্ভার

ঘরে ঘরে চলছে করোনার কারবার রে।।